

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯০.১৮/৪৪০/৬


তারিখ : ১১/০২/২০১৯ খ্রি.

বিষয়: গাইবান্ধা জেলার গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা প্রদান।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.২৮. ০০৬.১৭. ২০২, তারিখ: ১৬/০৫/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন (ইনডেক্স নং-০১৬৭০৩)এর বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র প্রেরণ করেন। অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেনকে ৩০/০৯/২০১৪খ্রি. তারিখে কলেজটির গভনিং বডি বরখাস্ত করেন। বরখাস্তের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২০২৯/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের রায়ের আদেশ মোতাবেক তাঁকে অধ্যক্ষ পদে ১০-০২-২০১৮খ্রি. তারিখে বহাল করেন। কিন্তু তিনি জুলাই/২০১৭ মাস হতে বেতন-ভাতা উত্তোলন করেছেন। উল্লেখ্য মাউশি অধিদপ্তর হতে বর্ণিত শিক্ষককে যোগদানের পূর্বের বকেয়া প্রদানের জন্য কোন নির্দেশনা প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, কোন আদেশের প্রেক্ষিতে অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন কে জুলাই/২০১৭ মাস হতে ০৯-০২-২০১৮খ্রি. পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা প্রদান করা হয়েছে সে বিষয়ে মতামত প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

(১) অধ্যক্ষ

গাইবান্ধা আদর্শ কলেজ, সদর, গাইবান্ধা।

(২) ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড

গাইবান্ধা শাখা, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, গাইবান্ধা আদর্শ কলেজ, সদর, গাইবান্ধা।
- ২। উপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। অধ্যক্ষ, গাইবান্ধা আদর্শ কলেজ, সদর, গাইবান্ধা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, গাইবান্ধা।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯০.১৮/৪৪৭/০

তারিখ: ১১/০২/২০১৯ খ্রি.

বিষয়: গাইবান্ধা জেলার গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা প্রদান।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.২৮. ০০৬.১৭. ২০২, তারিখ: ১৬/০৫/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গাইবান্ধা আদর্শ কলেজের অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র প্রেরণ করেন। অধ্যক্ষ মো: মোজাহিদ হোসেনকে ৩০/০৯/২০১৪খ্রি. তারিখে কলেজটির গভর্নিং বডি বরখাস্ত করেন। বরখাস্তের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২০২৯/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের রায়ের আদেশ মোতাবেক তাকে অধ্যক্ষ পদে ১০-০২-২০১৮খ্রি. তারিখে বহাল করেন। বরখাস্তকালীন বকেয়া টাকার জন্য তিনি আবেদন করেন।

জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) এ বর্ণিত আছে-“প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

গাইবান্ধা আদর্শ কলেজ

সদর, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, গাইবান্ধা আদর্শ কলেজ, সদর, গাইবান্ধা।
- ২। উপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, গাইবান্ধা।
- ৫। সংরক্ষণ নথি।